গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি শিক্ষা অধিদপ্তর
উপবৃত্তি সেল
এফ-৪/বি, আগারগাঁও, শেরে বাংলা নগর , ঢাকা-১২০৭
www.techedu.gov.bd

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০২.২৬-৩৭২ তারিখ : ০১ নভেম্বর, ২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

বিষয়ঃ ২০২৬-২৭ অর্থবছরে উপবৃত্তি প্রদানের লক্ষ্যে নতুন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীর তথ্য হালনাগাদ প্রসঙ্গে।

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত নিম্ন মাধ্যমিক (ভোকেশনাল)/ নিম্ন মাধ্যমিক দাখিল (ভোকেশনাল), এসএসসি (ভোকেশনাল)/ দাখিল (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল)/ এইচএসসি (বিএমটি) ও চার বছর মেয়াদি ডিপ্লোমা শিক্ষাক্রম পরিচালনাকারী প্রতিষ্ঠানসমূহের ৬ষ্ঠ, ৭ম, ৮ম, ৯ম, ১০ম, একাদশ ও ডিপ্লোমা ১ম পর্বের শিক্ষার্থীদের জুলাই-ডিসেম্বর,২০২৬ মেয়াদে উপবৃত্তি প্রদানের জন্য নতুন শিক্ষার্থীর তথ্য এন্ট্রি (প্রযোজ্য ক্ষেত্রে) এবং বিদ্যমান শিক্ষার্থীর তথ্য হালনাগাদ নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

নির্দেশনা-১

১.১ সম্প্রতি অজ্ঞাতনামা ব্যক্তিরা ফোনকল বা অনলাইন মাধ্যমে কারিগরি শিক্ষা অধিদপ্তরের কর্মকর্তা/কর্মচারী পরিচয়ে উপবৃত্তি কার্যক্রমভুক্ত প্রতিষ্ঠান থেকে ব্যক্তিগত ও প্রাতিষ্ঠানিক তথ্য (উপবৃত্তি সংক্রান্ত তথ্য, আইডি, পাসওয়ার্ড, OTP ইত্যাদি) সংগ্রহের প্রতারণামূলক চেষ্টা করছে। এ ধরনের ফোনকল বা বার্তা সম্পূর্ণ ভুয়া। অধিদপ্তর ফোনকল, এসএমএস, হোয়াটসঅ্যাপ বা সামাজিক যোগাযোগ মাধ্যমে পাসওয়ার্ড, OTP, আইডি বা কোনো গোপনীয় তথ্য সংগ্রহ করে না। অতএব, প্রতিষ্ঠানের User ID, Password ও OTP-এর গোপনীয়তা কঠোরভাবে রক্ষা করতে হবে।

১.২। অতএব—

- ✓ এ ধরনের ফোনকল বা বার্তায় কোনো তথ্য প্রদান থেকে বিরত থাকতে হবে;
- ✓ এ ধরনের ঘটনার সম্মুখীন হলে তাৎক্ষণিকভাবে নিকটস্থ থানায় জিডি করে আইন-শৃঙ্খলা রক্ষাকারী বাহিনীকে অবহিত করতে হবে;
- ✓ অধিদপ্তরের উপবৃত্তি সেলের অফিসিয়াল ফোন (+৮৮০২২২৩-৩৭৪৯৪০) ও ই-মেইল dtestipend@techedu.gov.bd এর মাধ্যমে যোগাযোগ করতে হবে;
- ✓ জিডি করার পর মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর বরাবর (দৃষ্টি আকর্ষণ: ভারপ্রাপ্ত কর্মকর্তা, উপবৃত্তি সেল) ঘটনার বিবরণসহ আবেদন করতে হবে। আবেদনের সঙ্গে জিডির কপি, প্রতিষ্ঠান প্রধানের এনআইডি ও মোবাইল নম্বর এবং প্রতিষ্ঠান কোড ও EIIN সংযুক্ত করে dtestipend@techedu.gov.bd ঠিকানায় প্রেরণ করতে হবে। আবেদন অবশ্যই DTE Stipend MIS-এ উল্লিখিত ই-মেইল ঠিকানা থেকে পাঠাতে হবে;
- ✓ ভবিষ্যতে এ ধরনের প্রতারণা প্রতিরোধে সকলকে সর্বোচ্চ সতর্ক থাকতে হবে;
- ✓ ডাটা এন্ট্রি/সংশোধনের পর অনুমোদিত সকল শিক্ষার্থীর অ্যাকাউন্ট নম্বর যাচাই করতে হবে এবং প্রয়োজনে সংশোধন করতে হবে;
- ✓ ডাটা এন্ট্রি/ সংশোধন সমাপান্তে আঞ্চলিক কার্যালয়ে তথ্য প্রেরণ করার পর প্রতিষ্ঠান প্রধান দ্রুততম সময়ের মধ্যে Password Change করে নিতে হবে।

নির্দেশনা-২

২.১। উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে শিক্ষার্থী বাছাইয়ে প্রতিষ্ঠান প্রধানের অনুসরণীয় ধাপসমূহ:

(ক) সকল নিয়মিত শিক্ষার্থীর (যারা ইতিপূর্বে DTE Stipend MIS এ অন্তর্ভূক্ত হয় নি) নিকট থেকে আবেদন আহ্বান করে প্রতিষ্ঠান প্রধান বিজ্ঞপ্তি প্রকাশ করবেন;

(খ) প্রতিষ্ঠান প্রধান সকল বিভাগীয় প্রধানদের নিয়ে সভা করে যোগ্য শিক্ষার্থী বাছাইয়ের প্রক্রিয়া বুঝিয়ে দিবেন এবং শিক্ষকদের মধ্যে দায়িত্ব বণ্টন করবেন (এ ক্ষেত্রে কারিগরি উপবৃত্তি নির্দেশিকা-২০২৩ অবশ্যই মেনে চলতে হবে);

(গ) শর্তপূরণকারী সকল শিক্ষার্থীর (যারা ইতিপূর্বে উপবৃত্তি পায় নাই) মাধ্যমে SAF (Student Application Form) পূরণ করিয়ে নিতে হবে (জন্ম নিবন্ধন সনদে নাম বাংলা ও ইংরেজিতে ডিজিটালি ভেরিফাইড, পিতা, মাতা বা অভিভাবকের জাতীয় পরিচয় পত্র ভেরিফাইড, মোবাইল ফাইন্যান্স অ্যাকাউন্ট KYC (Know your Customer) ভেরিফাইড এবং সক্রিয় হতে হবে এছাড়া শিক্ষার্থীর হাজিরা সংক্রান্ত বিভাগীয় প্রধানের প্রত্যয়ন, অভিভাবকের আয় সংক্রান্ত সনদ এবং বিগত শ্রেণির ফলাফলের প্রমাণকসহ);

(ঘ) দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ শিক্ষার্থী কর্তৃক (নতুন ও পুরাতন) পূরণকৃত সকল তথ্য জমাকৃত ডকুমেন্টের সাথে মিলিয়ে দেখে সংশোধনের ব্যবস্থা নিয়ে নতুন ফরমেটের SAF (Student Application Form) (যা DTE Website এর উপবৃত্তি কর্ণারে দেওয়া আছে)- এ "এই ফর্মের সকল তথ্য আমার দ্বারা পূরণ করা হয়েছে এবং পূরণকৃত তথ্য সঠিক আছে।" মর্মে প্রত্যয়ন নিয়ে চলমান তারিখে দিয়ে শিক্ষার্থী, বিভাগীয় প্রধান ও প্রতিষ্ঠান প্রধানের স্বাক্ষর করাতে হবে;

(ঙ) দায়িত্বপ্রাপ্ত শিক্ষকগণ ডকুমেন্ট সহ ফরম বিভাগীয় প্রধানের মাধ্যমে প্রতিষ্ঠান প্রধানের নিকট জমা দিবেন;

(চ) প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানের শিক্ষার্থী বাছাই কমিটি কর্তৃক সকল শ্রেণির শিক্ষার্থীর তথ্য ও ডকুমেন্ট যাচাই-বাছাই করে উপবৃত্তির জন্য যোগ্য শিক্ষার্থীর তালিকা তৈরী করে (DTE Stipend ID, Name, Trade/Technology, Class/Semester, Attendance Percentage, Previous Class Result, Guardian Monthly Income) উল্লেখপূর্বক একটি রেজুলেশন গ্রহণ করবেন;

(ছ) উপবৃত্তির জন্য যোগ্য শিক্ষার্থীর তালিকা তৈরী করে (DTE Stipend ID, Name, Trade/Technology, Class/Semester, Attendance Percentage, Previous Class Result, guardian Monthly Income উল্লেখপূর্বক) প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা নিতে হবে এছাড়া যারা উপবৃত্তি পাবে না তাদের তালিকাও উপবৃত্তি না পাওয়ার কারণ উল্লেখ করে আলাদা একটি তালিকা প্রতিষ্ঠানের নোটিশ বোর্ডে প্রদর্শনের ব্যবস্থা নিতে হবে, এক্ষেত্রে ব্যত্যয় ঘটলে ঐ প্রতিষ্ঠানের বিরুদ্ধে পরবর্তীতে শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে;

(জ) প্রতিষ্ঠান প্রধান প্রতিষ্ঠানের সবচাইতে যোগ্য শিক্ষক দ্বারা ডাটা এন্ট্রি/এডিট করার ব্যবস্থা নিবেন, কোনভাবেই কর্মচারী দ্বারা ডাটা এন্ট্রি করা যাবে না;

(ঝ) ডাটা এন্ট্রির পূর্বে অবশ্যই প্রতিষ্ঠান কনফিগারেশনের অধীন শিক্ষার্থী তথ্য আপডেট করতে হবে এবং আঞ্চলিক ও কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক অনুমোদন করিয়ে নিতে হবে অন্যথায় উপবৃত্তি প্রাপ্তিতে জটিলতা সৃষ্টি হলে প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন। যদি কোনো কারনে কনফিগারেশন পুনরায় এডিট করতে হয় (যেমন, কোনো শিক্ষার্থীর ফলাফল ডাটা এন্ট্রি/সংশোধনের সময় পরিবর্তিত হলে) তবে অধিদপ্তরে আবেদন করে পূর্বানুমোদন সাপেক্ষে কনফিগারেশন পরিবর্তন করে নেওয়া যাবে। তবে এই ধরনের অনুমোদন শুধু একবারই দেওয়া হবে;

(ঞ) অব্যবহিত পূর্ববর্তী শ্রেণির ফলাফলের ভিত্তিতে এবং বিজ্ঞপ্তি প্রকাশের তারিখ/ চূড়ান্ত পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার আগ পর্যন্ত হাজিরার ভিত্তিতে সুবিধাভোগী নির্বাচন করতে হবে;

(ট) পূর্বে কোনো কারিগরি প্রতিষ্ঠানে কারিগরি কোর্সে অধ্যয়নরত থাকলে এবং সেখানে কারিগরি উপবৃত্তি পেয়ে থাকলে ঐ সকল শিক্ষার্থীর তথ্য পূর্ববর্তী শিক্ষা প্রতিষ্ঠান হতে DTE Stipend MIS –এর মাধ্যমে বর্তমান শিক্ষা প্রতিষ্ঠানে ট্রান্সফার করে নিতে হবে;

(ঠ) যে সকল শিক্ষার্থী ২০২৬ সালে এসএসসি/দাখিল (ভোকেশনাল), এইচএসসি (ভোকেশনাল)/এইচএসসি (বিএমটি) এবং ডিপ্লোমা ৮ম সেমিস্টারের সমাপনী পরীক্ষায় অংশগ্রহণ করেছে, এমন অন্য সকল শ্রেণি বা পর্বের শিক্ষার্থীদের তথ্য Beneficiary Status-এ প্রবেশ করে নিষ্ক্রিয় (Inactive) করতে হবে;

(ড) নতুন এন্ট্রিকৃত এ সকল ডাটা সংশ্লিষ্ট RDO অফিসে DTE Stipend MIS এর মাধ্যমে প্রেরণ করতে হবে;

(ঢ) প্রতিষ্ঠানের শিক্ষার্থী বাছাই কমিটি কর্তৃক শিক্ষার্থীর তালিকাসহ অনুমোদন সংক্রান্ত রেজুলেশন এর হার্ডকপি স্ব-স্ব আঞ্চলিক অফিসে হাতে হাতে প্রেরণ করতে হবে;

(ণ) একেবারে নতুন কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান তাদের ইউজার রেজিস্ট্রেশন গাইড লাইন অনুযায়ী সম্পন্ন করতে হবে (যা DTE Website এর উপবৃত্তি কর্ণারে দেওয়া আছে);

(ত) USER Name/ ID ও PASSWORD এ কোন সমস্যা হলে DTE Stipend MIS এ লগ ইন করার সময় Forgot Password এ ক্লিক করে USER Name/ID ও PASSWORD ঠিক করে নিতে হবে। এক্ষেত্রে প্রতিষ্ঠান ৬-ডিজিটের BTEB Code USER Name/ID হিসেবে ব্যবহার করতে হবে। এ ব্যাপারে অধিদপ্তরে আবেদন করার প্রয়োজন নাই।

নির্দেশনা-৩

ক্রম	কার্যক্রম	কার্যক্রম গ্রহণের তারিখ
০১	উপবৃত্তিযোগ্য শিক্ষার্থীর তালিকা প্রস্তুত, বাছাই কমিটি কর্তৃক অনুমোদন ও রেজুলেশন (নির্দেশনা-২ এর চ অনুযায়ী) স্ব-স্ব আঞ্চলিক অফিসে হাতে হাতে প্রেরণ ও নোটিশ বোর্ডে তালিকা প্রকাশ	০২/১১/২০২৬ খ্রি. হতে ০৫/১১/২০২৬ খ্রি. পর্যন্ত
০২	অনলাইনের মাধ্যমে প্রতিষ্ঠানের কনফিগারেশন কারিগরি শিক্ষা অধিদপ্তর কর্তৃক চূড়ান্ত অনুমোদন করিয়ে নেওয়া	০৮/১১/২০২৬ খ্রি. হতে ১২/১১/২০২৬ খ্রি. পর্যন্ত
০৩	বেনিফিসিয়ারীতে বিদ্যমান শিক্ষার্থী তথ্য হালনাগাদ এবং নতুন শিক্ষার্থীর ডাটা এন্ট্রি ও আঞ্চলিক কার্যালয়ে প্রেরণ	১৫/১১/২০২৬ খ্রি. হতে ৩০/১১/২০২৬ খ্রি. পর্যন্ত

০৪	যাচাই-বাছাইশেষে আঞ্চলিক কার্যালয় হতে নতুন শিক্ষার্থীর তথ্য কারিগরি শিক্ষা অধিদপ্তরে প্রেরণ	০১/১২/২০২৬ খ্রি. হতে ০৮/১২/২০২৬ খ্রি. পর্যন্ত

নির্দেশনা-৪

ক্র. নং	পর্ব/শ্রেণি	নির্দেশনা
০১.	JS(Voc)/ JD(Voc) ৬ষ্ঠ শ্রেণি [২০২৬ শিক্ষাবর্ষ]	(ক) ভর্তির সন/সেশন ২০২৬ নির্বাচন করতে হবে; (খ) অনুমোদিত তালিকা অনুযায়ী শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে। (গ) DTE Stipend MIS–এর বেনিফিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করতে হবে। (ঘ) Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই সংশ্লিষ্ট শ্রেণি (৬ষ্ঠ/৭ম/৮ম—যার জন্য প্রযোজ্য) নির্বাচন করতে হবে।
০২.	JS(Voc)/ JD(Voc) ৭ম শ্রেণি [২০২৬ শিক্ষাবর্ষ]	
০৩.	JS(Voc)/ JD(Voc) ৮ম শ্রেণি [২০২৬ শিক্ষাবর্ষ]	
০৪.	এসএসসি /দাখিল (ভোকেশনাল) নবম শ্রেণি [২০২৬-২৭ শিক্ষাবর্ষ]	(ক) ভর্তির সন/সেশন ২০২৬ নির্বাচন করতে হবে; (খ) অনুমোদিত তালিকা অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে। (গ) DTE Stipend MIS–এর বেনিফিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করতে হবে। (ঘ Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই ৯ম শ্রেণি নির্বাচন করতে হবে।
০৫.	এসএসসি / দাখিল (ভোকেশনাল) দশম শ্রেণি [২০২৫-২৬ শিক্ষাবর্ষ]	(ক) ভর্তির সন/সেশন হিসেবে নবম শ্রেণিতে ক্লাস শুরুর বছর (২০২৫) নির্বাচন করতে হবে। (খ) অনুমোদিত তালিকা অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে। (গ) DTE Stipend MIS –এর বেনিফিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করতে হবে। (ঘ) Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই ১০ম শ্রেণি নির্বাচন করতে হবে।
০৬.	এইচএসসি (ভোকেশনাল) একাদশ শ্রেণি [২০২৬-২৭ শিক্ষাবর্ষ]	(ক) ভর্তির সন/সেশন ২০২৬ নির্বাচন করতে হবে; (খ) অনুমোদিত তালিকা অনুযায়ী প্রযোজ্য ক্ষেত্রে শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে। (গ) DTE Stipend MIS –এর বেনিফিসিয়ারী তালিকায় বিদ্যমান শিক্ষার্থীর মধ্যে যারা অনুমোদিত তালিকাভুক্ত তাদের Beneficiary Status-এ ঢুকে সক্রিয় (Active) করতে হবে এবং বর্তমান সাইকেলে অযোগ্য শিক্ষার্থীদের নিষ্ক্রিয় (Inactive) করতে হবে। (ঘ) Beneficiary তথ্য আপডেট করার সময় উত্তীর্ণ শিক্ষার্থীদের ক্ষেত্রে অবশ্যই একাদশ শ্রেণি নির্বাচন করতে হবে।
০৭.	এইচএসসি (বিএমটি) একাদশ শ্রেণি [২০২৬-২৭ শিক্ষাবর্ষ]	
০৮	ডিপ্লোমা ১ম পর্ব [২০২৬-২৭ শিক্ষাবর্ষ]	(ক) ভর্তির সন/সেশন ২০২৬ নির্বাচন করতে হবে; (খ) অনুমোদিত তালিকা অনুযায়ী শিক্ষার্থীর তথ্য এন্ট্রি করতে হবে।

৫। উপবৃত্তি প্রদানের ক্ষেত্রে যে সকল শর্তাবলী অত্যাবশ্যকীয়ভাবে প্রতিপালন করতে হবে:

(ক) গড়ে কমপক্ষে ৪০% নম্বর পেয়ে সকল বিষয়ে উত্তীর্ণ হয়ে বর্তমানে নিয়মিত শিক্ষার্থী হিসেবে অধ্যয়নরত থাকতে হবে (শিক্ষার্থীর উপবৃত্তি আবেদনের সাথে সত্যায়িত মার্কসীট জমা নিতে হবে);

(খ) হাজিরা কমপক্ষে ৭০% থাকতে হবে (শ্রেণি শিক্ষকের হাজিরার হার উল্লেখপূর্বক প্রতিষ্ঠান প্রধানের প্রতিস্বাক্ষরসহ প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে জমা নিতে হবে);

(গ) অভিভাবকের আয় মাসিক অনধিক ৩০,০০০ (ত্রিশ হাজার) টাকা হতে হবে (সরকারি চাকুরীজীবিদের ক্ষেত্রে iBAS++ এর স্যালারী সিট এর অনুলিপি, বেসরকারি চাকুরীজীবিদের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধানদের প্রত্যয়নপত্র এবং অন্যান্যদের ক্ষেত্রে ওয়ার্ড বা ইউনিয়ন কাউন্সিলদের নিকট থেকে আয় সংক্রান্ত প্রত্যয়নপত্র উপবৃত্তি আবেদনের সাথে জমা নিতে হবে);

(ঘ) ৫-এর ক,খ,ও গ এ উল্লেখিত শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে শতকরা ১০০ ভাগ শিক্ষার্থী উপবৃত্তির জন্য বিবেচিত হবে।

৬। বিজ্ঞপ্তিটি ভালোভাবে পড়ে উল্লিখিত নির্দেশনাগুলো অনুসরণ করতে হবে। ডাটা এন্ট্রি সংক্রান্ত ভুলভ্রান্তির জন্য প্রতিষ্ঠান প্রধান দায়ী থাকবেন।

৭। শিক্ষার্থীদের ব্যাংক/মোবাইল অ্যাকাউন্ট নাম্বার প্রদানের ক্ষেত্রে নিম্নলিখিত বিষয়সমূহ অনুসরণীয়:

(ক) অ্যাকাউন্টধারীর জাতীয় পরিচয়পত্রের নামের সাথে অ্যাকাউন্টের নামের মিল থাকতে হবে;

(খ) একই অ্যাকাউন্ট নম্বর একাধিক ব্যক্তির সামাজিক নিরাপত্তা বেষ্টনীর অর্থ প্রাপ্তির ক্ষেত্রে ব্যবহার করা যাবে না;

(গ) মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস গেটওয়ে কর্তৃক অ্যাকাউন্ট নম্বর ব্লক আছে কিনা তা যাচাইপূর্বক সচল করার জন্য শিক্ষার্থীদের অনুপ্রাণিত করতে হবে এবং মোবাইল অ্যাকাউন্ট মোবাইল ফিন্যান্সিয়াল সার্ভিস APPS এর মাধ্যমে KYC (Know your Customer) ভেরিফাই করিয়ে নিতে হবে;

(ঘ) যে সময়ে EFT-এর মাধ্যমে অ্যাকাউন্ট-এ অর্থ বিতরণ করা হবে ঐ সময়ে অ্যাকাউন্ট-এ কোন সমস্যা যাতে না থাকে তা নিশ্চিত করতে শিক্ষার্থী ও অভিভাবকদের মাঝে সচেতনতা বৃদ্ধির উদ্যোগ গ্রহণ করতে হবে।

৮। আঞ্চলিক কার্যালয়ের প্রতি বিশেষ নির্দেশনা:

(ক) শিক্ষা প্রতিষ্ঠান হতে বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড অনুমোদিত কারিকুলাম সংশ্লিষ্ট শিক্ষার্থী তথ্য প্রেরণ করা হয়েছে কিনা তা নিশ্চিত করতে হবে। কারিকুলাম বহির্ভূত শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে DTE Stipend MIS ফেরত পাঠিয়ে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে। সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের Configuration এ শিক্ষার্থী তথ্য অংশের মাধ্যমে এ বিষয়ে নিশ্চিত হওয়া যাবে;

(খ) শিক্ষা প্রতিষ্ঠান হতে প্রেরিত শিক্ষার্থী সংখ্যার সাথে Configuration এ প্রাপ্ত শিক্ষার্থীর সংখ্যার সামঞ্জস্যতা যাচাই করতে হবে। অসামঞ্জস্যতা পরিলক্ষিত হলে শিক্ষার্থীদের তথ্য সংশ্লিষ্ট প্রতিষ্ঠানে DTE Stipend MIS ফেরত পাঠিয়ে সে বিষয়ে প্রতিষ্ঠান প্রধানকে অবহিত করতে হবে এবং

(গ) "কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানের শিক্ষার্থীদের মধ্যে উপবৃত্তি বিতরণ ও শিক্ষা উপকরণ সহায়তা প্রদান নির্দেশিকা,২০২৩" অনুচ্ছেদ ০৯-এ উল্লেখিত 'আঞ্চলিক কমিটি' কর্তৃক গৃহীত রেজুলেশনের একটি অনুলিপি আবশ্যিকভাবে dtestipend@techedu.gov.bd এ প্রেরণ করতে হবে।

01.11.26

(প্রকৌ. মোঃ মাকসুদুর রহমান)
পরিচালক (পিআইইউ)

স্মারক নং: ৫৭.০৩.০০০০.০১০.৪০.০০২.২৬- ৩৭২

তারিখ : ১১ নভেম্বর, ২০২৬ খ্রি.

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়) :

১। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭;
২। পরিচালক (পিআইডব্লিউ/ভোকেশনাল/ পরিকল্পনা ও উন্নয়ন/ প্রশাসন), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা-১২০৭;
৩। পরিচালক, আঞ্চলিক পরিচালকের কার্যালয়, ঢাকা/চট্টগ্রাম/ রাজশাহী/বরিশাল/খুলনা/ময়মনসিংহ/সিলেট/রংপুর (উল্লিখিত নির্দেশনা মোতাবেক শিক্ষা প্রতিষ্ঠানের ডাটা এন্ট্রি কার্যক্রম মনিটরিং করার অনুরোধ সহ);
৪। সচিবের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য);
৫। অধ্যক্ষ (সকল), পলিটেকনিক/মনোটেকনিক ইনস্টিটিউট (তাঁর মনিটরিংয়ের অধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতঃ মনিটরিং রিপোর্ট আগামী ২৫/১১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার অনুরোধ সহ);
৬। অধ্যক্ষ (সকল), সরকারি টেকনিক্যাল স্কুল অ্যান্ড কলেজ (তাঁর মনিটরিংয়ের অধীন সকল বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের সাথে যোগাযোগ করতঃ মনিটরিং রিপোর্ট আগামী ২৫/১১/২০২৬ খ্রি. তারিখের মধ্যে প্রেরণ করার অনুরোধ সহ);
৭। সিস্টেম অ্যানালিষ্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (বিজ্ঞপ্তিটি বোর্ডের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮। অধ্যক্ষ (সকল), এইচএসসি (বি এম টি) কোর্স পরিচালনাকারী শিক্ষা প্রতিষ্ঠানসমূহ;
৯। প্রধান শিক্ষক/সুপারিনটেন্ডেন্ট (সকল), বেসরকারি সংযুক্ত/স্বতন্ত্র ভোকেশনাল স্কুল;
১০। ভারপ্রাপ্ত কর্মকর্তা, আইসিটি সেল, কারিগরি শিক্ষা অধিদপ্তর; (বিজ্ঞপ্তিটি অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশ করার অনুরোধসহ);
১১। মহাপরিচালকের ব্যক্তিগত কর্মকর্তা, কারিগরি শিক্ষা অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের অবগতির জন্য);
১২। সংশ্লিষ্ট নথি।

০১/১১/২০২৬

(প্রকৌ. শেখ মোহাম্মদ তরিকুল ইসলাম)
ভারপ্রাপ্ত কর্মকর্তা (উপবৃত্তি সেল)
(মূলতঃ- অধ্যক্ষ, সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ)
কারিগরি শিক্ষা অধিদপ্তর।